

বনিব বার্তা, ২২-০৪-২০২২, পৃষ্ঠা- ১০



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ‘হৃদয়ে বঙ্গবন্ধু’ কর্নার উদ্বোধন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মরণে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে ‘হৃদয়ে বঙ্গবন্ধু’ কর্নার উদ্বোধন করা হয়েছে। গতকাল এ কর্নারের উদ্বোধন করেন বঙ্গবন্ধুর একান্ত সচিব ও ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। এ কর্নারে বঙ্গবন্ধুর একটি আবক্ষ প্রতিকৃতি এবং তার জীবন ও কর্মের ওপর রচিত বইগুলো স্থান পেয়েছে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য ড. রফিকুল হুদা চৌধুরী, উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান, উপ-উপাচার্য অধ্যাপক ড. এম জিয়াউল হক মামুনসহ বিশ্ববিদ্যালয়ের ডিন, প্রক্টর, রেজিস্ট্রার, লাইব্রেরিয়ান, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, বাংলাদেশ রাষ্ট্রের অভ্যুদয় এবং বিকাশের ইতিহাস জানতে হলে সবাইকেই বঙ্গবন্ধুকে জানতে হবে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় সবসময়ই মুক্তিযুদ্ধের চেতনা ও বঙ্গবন্ধুর আদর্শ ধারণ করে। তাই এ কর্নারের মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধকে আরো বিশদভাবে জানার সুযোগ করে দেবে। —বিজ্ঞপ্তি